



BANGLADESH UNIVERSITY

15/1, Iqbal Road, Mohammadpur, Dhaka-1207.

Phone: 9112663, 9136061, Fax: 9119555

Ref: BU/Notice/80

তারিখ: ০৮-০৩-২০২২ইং

জরুরী বিজ্ঞপ্তি

বাংলাদেশ ইউনিভার্সিটির সকল ছাত্র-ছাত্রীদের বিশেষ অবগতির জন্য জানানো যাচ্ছে যে, COVID-19 মহামারি চলাকালিন সময়ে আর্থিক সমস্যার কারণে শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণে যাতে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় সে বিষয় বিবেচনায় ইউনিভার্সিটি কর্তৃপক্ষ কোন প্রকার অর্থ (রেজিস্ট্রেশন/টিউশন ফি) জমা প্রদান ছাড়াই শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণ কার্যক্রম স্প্রিং-২০২০ সেমিস্টার হতে ফল-২০২১ সেমিস্টার পর্যন্ত উন্মুক্ত রেখেছিল। এমতাবস্থায়, রেজিস্ট্রেশন পূর্বক বা রেজিস্ট্রেশন ছাড়া টিউশন ফি বকেয়া রেখে লেখাপড়া চালিয়ে গেছে বা ডিগ্রী সম্পন্ন করেছে এমন ছাত্র-ছাত্রীদের একটি চূড়ান্ত তালিকা আগামী ১৪ মার্চ ২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগ প্রস্তুত করতে যাচ্ছে। সুতরাং, সকল ছাত্র-ছাত্রী যারা এর আওতায় পড়ে তাদেরকে আগামী ১৪ মার্চ ২০২২ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে নিজ-নিজ বিভাগীয় প্রধান বা কো-অর্ডিনেটরের সাথে যোগাযোগ করে নিজ নাম উক্ত তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য বিশেষ ভাবে বলা হল।

আরও জানানো যাচ্ছে যে, বিভাগ কর্তৃক প্রেরিত চূড়ান্ত তালিকায় যে সকল ছাত্র-ছাত্রীদের নাম থাকবে কেবল মাত্র তারাই পুনঃভর্তি (Readmission) ছাড়া সার্টিফিকেট উত্তোলন বা পরবর্তী পড়াশোনা চালিয়ে যেতে পারবে।

এখানে উল্লেখ্য যে, শিক্ষার্থীদের সুবিধার্থে অর্থাৎ শিক্ষার্থীরা তাদের ডিগ্রী শেষে সার্টিফিকেট উত্তোলন বা নিয়মিত শিক্ষা গ্রহণে যাতে ভবিষ্যতে কোন ধরনের জটিলতা সৃষ্টি না হয় সে বিষয়ের উপর লক্ষ্য রেখে কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

এ বিষয়ে সকল শিক্ষার্থীকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষ ভাবে অনুরোধ করা গেল।

For,
M. M. Alam
08.03.2022

ডেপুটি রেজিস্ট্রার
বাংলাদেশ ইউনিভার্সিটি